ঝিনাইদহে অন্ত:স্বত্তা স্ত্রীকে পুড়িয়ে হত্যা, স্বামী গ্রেফতার

ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলা এলাকায় মুন্নী আক্তার পিংকী (২৫) নামের অন্ত:স্বত্তা স্ত্রীকে পুড়িয়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামী সোহরাব হোসেন সৌরভের বিরুদ্ধে। এ ঘটনায় স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার রাতে ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

নিহতের মা কাজল বেগম জানান, ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলার পিংকিকে বিয়ের প্রলোভন দিয়ে বিভিন্ন সময় তার ইচ্ছার বিরুদ্ধে ধর্ষন করতো সৌরভ। গত ৯ সেপ্টেম্বর মেয়ের বাড়িতে তার ইচ্ছার বিরুদ্ধে জোর পূর্বক ধর্ষন করে। এ ঘটনায় পিকিং ঝিনাইদহ সদর থানায় মামলা করলে পুলিশ সৌরভকে গ্রেফতার করে। পরে মিমাংসার পর সৌরভ পিংকি বিয়ে করে। বিয়ের পর থেকে সৌরভের পরিবার পিংকিকে মেনে নিচ্ছিল না। এমনকি ছাড়াছাড়ি করার জন্য প্রায়ই মারধর করতো।

এরই জের ধরে গত ১৬ ফেব্রুয়ারি পিংকির বাড়ি এসে ২ হাজার টাকা চাই সৌরভ। পিংকি টাকা দিতে অ-স্বীকার করলে মারপিট করে কেরোসিন ঢেলে গায়ে আগুন ধরিয়ে দেয়। তাকে উদ্ধার করে প্রথমে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে ঢাকার শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়। সেখানে শনিবার রাতে পিংকি মারা যায়। এ ঘটনায় নিহতের মা কাজল বেগম থানায় মামলা করলে পুলিশ সৌরভকে গ্রেফতার করেছে।

এ ব্যাপারে ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান জানান, পারিবারিক কলজের জের ধরে এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে। সৌরভ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[

৭৮৮ জন দখলদার

ঝিনাইদহে জিকে সেচ প্রকল্পের ৮১৫ কিলোমিটার খালে বর্তমানে ৭৮৮ জন দখলদার রয়েছে। যারা খালের জায়গা দখল করে তার উপর দোপানপাট, ঘরবাড়ি এমনকি পাড় কেটে চাষাবাদও শুরু করছেন। বড় বড় ভবনও গড়ে তোলা হয়েছে এই খালের জায়গায়। অনেক স্থানে বোঝার উপায় নেই এখানে একটি খাল ছিল।

পানি উন্নয়ন বোর্ড কর্তৃপক্ষ বলছেন তারা দখলদার সনাক্ত করতে সক্ষম হয়েছেন, এখন উচ্ছেদ পক্রিয়া। যা খুব দ্রুতই করা হবে বলে জানান কর্মকর্তারা। আর দখলদারদের কথা এই খাল আর কখনও তার হারানো যৌবন ফিরে পাবে না, খালের বুকে পানি থৈ-থৈ করবে না। তাই মরা খালের জায়গা তারা ব্যবহার করছেন।

প্রসঙ্গত, দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৪ জেলার ১৫ টি উপজেলায় কৃষকের জমিতে চাষাবাদ বৃদ্ধির লক্ষ্যে সেচ প্রকল্প বাস্তবায়ন করা হয়। এই সেচ প্রকল্প বাস্তবায়নে কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও মাগুরা জেলার উপজেলা গুলোতে সেচ খাল খনন করা হয়। যার প্রথম কাজ শুরু হয় ১৯৫৫-৫৬ অর্থবছরে। ১ লাখ ৯৭ হাজার ৫ শত হেক্টর জমি সেচ ব্যবস্থার আওতায় নিয়ে আসা হয়। এ সময় ঝিনাইদহ জেলার হরিনাকুন্ডু, শৈলকুপা ও সদর উপজেলাতে খাল খনন করা হয়। যার পরিমান ছিল ৮১৫ কিলোমিটার।

পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন, এটি ছিল গঙ্গা- কপোতাক্ষ সেচ প্রকল্প। কুষ্টিয়ার নিচে গঙ্গা থেকে পানি তুলে যশোরের কপোতাক্ষ পর্যন্ত পৌছানোর কথা ছিল। কুষ্টিয়ার ভেড়ামারায় অবস্থিত পাম্প হাউজ থেকে পানি সরবরাহ করা হয়। কিন্তুু ঝিনাইদহ এসে প্রকল্পের কাজ শেষ হয়েছে। কপোতাক্ষ পর্যন্ত সেচ খাল খনন সম্ভব হয়নি।

১৯৬৫ সালে প্রথম পানি প্রবাহ শুরু হয়। প্রায় ২ লাখ হেক্টর জমিতে সেচ দেওয়ার পরিকল্পনা থাকলেও পরবর্তীতে তা সম্ভব হয়নি। বর্তমানে ঝিনাইদহের ১৮ হাজার হেক্টর জমিতে সেচ কার্যক্রম চলছে।

হরিনাকুন্ডু ও শৈলকুপার একাধিক কৃষক জানান, ৯০ দশকের পর এই খালের গুরুত্ব কমতে থাকে। অনেক স্থানে তখন ঠিকমতো পানি প্রবাহ ছিল না। আবার খালটি দীর্ঘ সময় সংস্কার না করায় ভরাট হয়ে গিয়েছিল। আর এই সুযোগটি নেয় দখলদাররা। তারা পানি প্রবাহ বন্ধ দেখে খালের জমি

কাতলাগাড়ি এলাকার মতিয়ার রহমান জানান, এক সময় খাল তাদের অনেক উপকারে এসেছে। এই খালে পানি ছাড়া হতো যা দিয়ে তারা চাষাবাদ করতেন। কিন্তুু গত ২ দশকের বেশি সময় ঠিকমতো পানি পাওয়া যায় না। যে কারনে খালগুলো দখল হয়েছে। তবে দখলদাররা অনেকেই খাল পুনঃরায় খনন করে সেচ ব্যবস্থা সচল রাখতে পারলে তারা উপকৃত হবেন বলে জানিয়েছেন।

এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের এস.ও খুরশিদ শরিফ জানান, গঙ্গা- কপোতাক্ষ সেচ প্রকল্পটি পুর্বের মতো না থাকলেও এখনও চালু রয়েছে। তারা ১৮ হাজার হেক্টর জমিতে সেচ দিচ্ছেন। বছরে একর প্রতি মাত্র ৫ শত টাকায় পানি পাচ্ছেন কৃষকরা।

তবে যেখানে প্রকল্পটি চালু রেখেছেন তা খুবই কষ্ট করে রাখা হয়েছে। কৃষকরা ঠিকমতো সেচ বিল দেন না। আবার খালগুলো ভালো না থাকায় পানির অপচয় হয়ে থাকে। যে কারনে কৃষকের জমিতে পানি পৌছানোর ব্যবস্থা করতে অনেক বেগ পেতে হয়।

তিনি বলেন, লাইনিং পদ্ধতিতে পানি সরবরাহের ব্যবস্থা করলে কৃষক ঠিকমতো পানি পাবে। সেচ প্রকল্প বাঁচিয়ে রাখতে হলে খালে দখলদার উচ্ছেদ জরুরী বলে জানান তিনি।

এ ব্যাপারে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী আহসান হাবিব সাংবাদিকদের জানান, তারা দ্রুত অবৈধ উচ্ছেদের জন্য কাজ করছেন। ইতিমধ্যে বিষয়টি উচ্চ পয়ায়কে অবহিত করা হয়েছে। আশা করছেন দ্রুতই উচ্ছেদ অভিযান শুরু হবে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে বাস এর ধাক্কায় সাবেক শিক্ষক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার হলিধানী বাজারে বাস এর ধাক্কায় শওকত মাষ্টার
(৯০) নামে এক সাবেক শিক্ষক নিহত হয়।

তিনি হলিধানী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। তিনি সহকারি শিক্ষক থেকে দীর্ঘদিন প্রধান শিক্ষকের দ্বায়িত্বে পালন করেছেন। ২০০৩ সালে তিনি শিক্ষকতা থেকে অবসর নিয়েছিলেন।

অবসর জীবনে তিনি সময় কাটানোর জন্য হলিধানী বাজারে হোমিওপ্যাথিক চিকিৎসক হিসেবে রোগী দেখতেন।

গতকাল শনিবার বিকালে হলিধানী বাজারে হাইস্কুল গেটের সামনে চুয়াডাঙ্গা থেকে আসা ঝিনাইদহ গামী মামুন পরিবহনের ঢাকা মেট্রো-ব (১৫-৪২৭১)ধাক্কায় আহত হলে, ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
মৃত্যুকালে তিনি সাত সন্তান ও অসংখ্য গুন গ্রাহী রেখে গেছেন।

এ ব্যাপারে কাতলামারি পুলিশ ক্যাম্প ইনচার্জ মো: ওয়াজেদ আলী জানান, ঘাতক বাসটি আমাদের হেফাযতে আছে।

মেপ্র/আরপি

ঝিনাইদহে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সড়ক আলপনা

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঝিনাইদহে ২ কিলোমিটার সড়ক আলপনা আঁকা হয়েছে। বৃহস্পতিবার সকালে শহরের পায়রা চত্বরে আলপনা আঁকার উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এসময় সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, এনডিসি খায়রুল ইসলাম, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, স্বপ্নচারু আর্ট স্কুলের পরিচালক চিত্র শিল্পী শাহীন চারুদেশ, চিত্র শিল্পী শফিক মাহমুদ, নিধির বিশ্বাসসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসন ও স্বপ্নচারু আর্ট স্কুলের আয়োজনে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে পায়রা চত্বর, পায়রা চত্বর থেকে কেন্দ্রীয় শহীদ মিনার চত্বর পর্যন্ত আলপনা আঁকার কাজ করা হয়। রং-তুলির আঁচড়ে ফুটিয়ে তোলা হয় একুশের চিত্র। এতে অংশ নেয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধ শতাধিক শিক্ষার্থী।

শিক্ষার্থী তথা বর্তমান প্রজন্মের মাঝে একুশের চেতনা ছড়িয়ে দিতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

মেপ্র/আরজেএম

ঝিনাইদহে সা’দ বিরোধীদের প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল

মাওলানা সা’দ পন্থীদের জেলায় জেলায় ইজতেমা আয়োজনের প্রতিবাদে ঝিনাইদহে সমাবেশ ও বিক্ষোভ করেছে সা’দ বিরোধীরা।

মঙ্গলবার সকালে শহরের কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে জেলা ওলামা মাশায়েখ ও তৌহিদী জনতা এ প্রতিবাদ সভার আয়োজন করে।প্রতিবাদ সভায় জেলার ৬ উপজেলা থেকে আসা ওলামায়ে কেরাম ও তৌহিদ জনতার নেতারা উপস্থিত ছিলেন। এসময় বক্তরা বলেন, সা’দ পন্থীরা জেলায় জেলায় ইজতেমা করার ঘোষনা দিয়েছেন, এতে তাবলীগের মেহনতে বিশৃঙ্খলা সৃষ্টি করবে, ফেতনা সৃষ্টি করবে।

যা সঠিক আকিদায় বিশ্বাসি মুসল্লিগণ ও ওলামায়ে কেরামগণ মেনে নিবেন না। তারা জেলায় জেলায় ইতজেমা বন্ধ করার আহ্বান জানান।

সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে ডিসি অফিসের সামনে গিয়ে শেষ হয়। পরে তারা তাদের দাবি সম্বলিত স্বারকলিপি জেলা প্রশাসকের নিকট হস্তান্তর করে।

ঝিনাইদহে কসাসের বসন্ত ও পিঠা উৎসব

‘নবপুষ্পের কলরবে জাগিবো মোরা, বসন্তের কলতানে মাতিবে ধরা’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বসন্ত ও পিঠা উৎসব করেছে জয়বাংলা ইয়ুথ এ্যাওয়ার্ড প্রাপ্ত সংগঠন কথন সাংস্কৃতিক সংসদ (কসাস)। মঙ্গলবার দিনব্যাপি সরকারি কে সি কলেজ চত্বরে এ ব্যতিক্রমী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে পরিচ্ছন্ন কর্মীদের ৩০ জন সন্তানকে ফুল উপহার দেন অতিথিবৃন্দ। এসময় অনুষ্ঠিত আলোচনা সভায় কসাসের সভাপতি হাসানুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. বিএম রেজাউল করিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ অশোক কুমার মৌলিক, কেসি কলেজ শিক্ষক পরিষদের ভারপ্রাপ্ত সাধাণ সম্পাদক আব্দুর রশিদ, কসাস সাংস্কৃতিক সংসদের প্রধান উপদেষ্টা মিজানুর রহমান, কসাসের সাবেক সভাপতি উম্মে সায়মা জয়া, সাধারণ সম্পাদক প্রতাপ আদিত্য বিশ্বাসসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।
এছাড়াও আয়োজন করা হয় পিঠা উৎসবের। এতে নানা প্রকার পিঠার পসরা সাজিয়ে স্টল প্রদর্শণ করেন শিক্ষার্থীরা। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। দুপুরে সুবিধা বঞ্চিত শিশুদের সাথে

মধ্যহ্নভোজনে অংশ নেন অতিথি ও কসাসের নেতৃবৃন্দ।
সমাজের পিছিয়ে পড়া জনগোষ্টি পরিচ্ছন্ন কর্মীদের সন্তানদের সাথে আনন্দ ভাগাভাগি করে নিতেই এ আয়োজন বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে মাদকসহ ২ জন আটক

ঝিনাইদহ সদর উপজেলার কালা-লক্ষীপুর এলাকা থেকে মাদকসহ ২ জনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার ভোররাতে সদর উপজেলার কালা-লক্ষীপুর এলাকা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো-চুয়াডাঙ্গার দামুড়হুদা এলাকার মিজানুর রহমানের ছেলে শাহিন হোসেন ও দর্শনার ছোট বলদিয়া গ্রামের আব্দুস সামাদের ছেলে মামুন মিয়া।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, নসিমন যোগে মাদক পাচার হচ্ছে এমন সংবাদে ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের কালা-লক্ষীপুর এলাকায় চেকপোস্ট বসায় পুলিশ। এসময় চুয়াডাঙ্গা থেকে মাগুরাগামী একটি নসিমন তল্লাসী করে অভিনব কায়দায় লুকিয়ে রাখা ২৬ কেজি গাঁজা ও ৬০ বোতল ফেন্সিডিলসহ মামুন মিয়া ও শাহিন হোসেন নামের দুইজনকে আটক করা হয়। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে।

মেপ্র/আরজেএম

স্ত্রীর গায়ে আগুন ধরিয়ে সেই

[redacted]

[redacted] (AP) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (AP)[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

[redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted], [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] (AP) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [